# বার্ষিক উদ্ভাবনী প্রকাশনা

**(২০১৯-২০২০)**

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**

# সুচিপত্র

| ক্রমিক | বিষয় |
|---|---|
| ০১। | অনলাইনে ৩-৫ তারকামান হোটেল/মোটেল/রিসোর্ট-এর ছাড়পত্রের আবেদন গ্রহণ এবং ই-নথির মাধ্যমে নিষ্পত্তিকরণ। |
| ০২। | মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য ওয়েব ভিত্তিক পিডিএস (পার্সোনাল ডাটা সিট) সিস্টেম চালুকরণ। |
| ০৩। | মিটিং স্ক্রিন মেশিন স্থাপনসহ মিটিং রুম বুকিং সিস্টেম চালুকরণ। |

**উদ্ভাবনের নামঃ** অনলাইনে ৩-৫ তারকামান হোটেল/মোটেল/রিসোর্ট-এর ছাড়পত্রের আবেদন গ্রহণ এবং ই-নথির মাধ্যমে নিষ্পত্তিকরণ।

**উদ্ভাবনী উদ্যোগের বিষয়বস্তুঃ** হার্ডকপির পরিবর্তে অনলাইনে বাংলাদেশের যেকোন স্থান হতে ৩-৫ তারকামান হোটেল/মোটেল/রিসোর্ট-এর ছাড়পত্রের আবেদন গ্রহণ করে ই-নথির মাধ্যমে নিষ্পত্তি করা যাবে।

**উদ্যোগ চালুর তারিখঃ** **২৫ সেপ্টেম্বর ২০১৯**

**উদ্যোগ বাস্তবায়ন স্থলঃ** বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

**কর্মক্ষেত্রে সাধিত উন্নয়নসমূহঃ**

ক) উদ্যোগটি বাস্তবায়নের ফলে বাংলাদেশের যেকোন স্থান হতে অনলাইনে ৩-৫ তারকামান হোটেল/মোটেল/রিসোর্ট-এর ছাড়পত্রের আবেদন করা যাচ্ছে। ফলে আবেদনকারীর সময়, খরচ ও যাতায়াত কমে গেছে। পূর্বে এ ধরণের আবেদন করতে একজন আবেদনকারীকে ঢাকায় এসে মন্ত্রণালয় হতে ফরম সংগ্রহ করতে হতো এবং পরবর্তীতে পূরণকৃত ফরমসহ যাবতীয় কাগজপত্রের হার্ডকপি মন্ত্রণালয়ে জমা প্রদান করতে হতো।

খ) বর্তমানে একজন আবেদনকারী তার আবেদনের সর্বশেষ অবস্থা অনলাইনে দেখতে পারছেন। পূর্বে এ ধরণের তথ্য জানতে আবেদনকারীকে মন্ত্রণালয়ে আসতে হতো অথবা টেলিফোনের মাধ্যমে জেনে নিতে হতো।

গ) বর্তমানে অনলাইনে প্রাপ্ত সকল আবেদন ই-নথির মাধ্যমে নিষ্পন্ন করা হয়ে থাকে বিধায় একটি আবেদন নিষ্পন্ন হতে পূর্বের থেকে কম সময় লাগছে। পূর্বে হার্ডকপিতে প্রাপ্ত আবেদনসমূহ হার্ডফাইলে নিষ্পত্তি করা হতো।



**উদ্ভাবনের নামঃ** মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য ওয়েব ভিত্তিক পিডিএস (পার্সোনাল ডাটা সিট) সিস্টেম চালুকরণ।

**উদ্ভাবনী উদ্যোগের বিষয়বস্তুঃ** মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের তথ্য ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণের জন্য ওয়েব ভিত্তিক পিডিএস (পার্সোনাল ডাটা সিট) সিস্টেম চালুকরা হয়েছে যেখানে কর্মকর্তা-কর্মচারীর সকল তথ্য সুরক্ষিত থাকবে।

**উদ্যোগ চালুর তারিখঃ** **১০ মার্চ ২০২০**

**উদ্যোগ বাস্তবায়ন স্থলঃ** বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

**কর্মক্ষেত্রে সাধিত উন্নয়নসমূহঃ**

ক) উদ্যোগটি বাস্তবায়নের ফলে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা-কর্মচারীদের তথ্য ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণ করা যাচ্ছে। এর ফলে কর্মকর্তা-কর্মচারীর হারানো সম্ভাবনা কমে গেছে।

খ) একজন কর্মকর্তা/কর্মচারীর তার সকল তথ্য হালনাগাদ আছে কিনা তা দেখতে পারবেন এবং তিনি নিজে নিজে তথ্য হালনাগাদের জন্য আবেদন করতে পারবেন।

গ) দ্রততম সময়ে মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীর সংক্রান্ত যেকোন রিপোর্ট প্রিন্ট করা যাবে।



**উদ্ভাবনের নামঃ** মিটিং স্ক্রিন মেশিন স্থাপনসহ মিটিং রুম বুকিং সিস্টেম চালুকরণ।

**উদ্ভাবনী উদ্যোগের বিষয়বস্তুঃ** কনফারেন্স রুম ব্যবহারের সুবিধার্থে মিটিং স্ক্রিন মেশিন স্থাপনসহ মিটিং রুম বুকিং সিস্টেম চালু করা হয়েছে।

**উদ্যোগ চালুর তারিখঃ** **১২ ফেব্রুয়ারি ২০২০**

**উদ্যোগ বাস্তবায়ন স্থলঃ** বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

**কর্মক্ষেত্রে সাধিত উন্নয়নসমূহঃ**

ক) উদ্যোগটি বাস্তবায়নের ফলে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের যে সকল শাখা সভা আহবান করে থাকে তারা জানতে পারছে কখন কনফারেন্স রুম ফাঁকা আছে।

খ) কনফারেন্স রুমে কখন কোন মিটিং চলমান আছে তা মিটিং স্ক্রিন মেশিন থেকে দেখা যাচ্ছে। ফলে এক সভায় আগত প্রতিনিধিবৃন্দ দেখতে পারছেন কনফারেন্স রুমে এই মুহূর্তে কোন সভা চলমান আছে।

গ) মিটিং রুম বুকিং সিস্টেম-এর মাধ্যমে সভায় আগত প্রতিনিধিবৃন্দের ই-মেইলে সভার ইভাইটেশন প্রেরণ করা যাচ্ছে।

ঘ) মিটিং স্ক্রিন মেশিন-এর সাহায্যে দ্রততম সময়ে কনফারেন্স রুম বুকিং করা যায়।